## বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট ও ফেসবুক পেজ হালনাগাদ ও মনিটরিং কমিটির ৪র্থ সভার কার্যবিবরনী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মীর আলমগীর হোসেন<br>যুগ্ম সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ০৮.০৭.২০২৫ খ্রি:। |
| সভার সময় | : | ১৪.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | সভাকক্ষ নং-৯৩০, রেলভবন, ঢাকা। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" অনুযায়ী। |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এবং যাত্রীসেবায় বিভিন্ন তথ্যসমৃদ্ধ করে বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট ও ফেসবুক পেজ এর গুরুত্ব পর্যালোচনাপূর্বক সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভায় উপস্থিত সকলকে পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। পরিচয়পর্ব শেষে যুগ্ম সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয় মহোদয় ডিএসটিই (টেলিকম), সদর ও সদস্য সচিব কে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য আহবান জানান। প্রথমে ডিএসটিই (টেলিকম), সদর গত ২৭.০৪.২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের আলোকে অগ্রগতিসমূহ তুলে ধরেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যগণকে এ বিষয়ে উন্মুক্ত আলোচনা বা মতামত প্রদানের জন্য অনুরোধ জানায়। পরবর্তীতে ডিএসটিই (টেলিকম), সদর বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটের বিষয়সমূহ ধারাবাহিক ভাবে তুলে ধরেন এবং হালনাগাদ সংক্রান্ত কনটেন্ট এর বিষয়ে উপস্থিত সকলে মতামত প্রদান করেন।

২. বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট ও ফেসবুক পেজ হালনাগাদ সংক্রান্ত বিস্তারিত আলোচনা শেষে ৪র্থ সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | রেলওয়ে ট্রেনিং একাডেমির তথ্য বাংলাদেশ রেলওয়ের ওয়েবপেজে সংযোজন এর বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটের মেন্যু বারে " বাংলাদেশ রেলওয়ে ট্রেনিং একাডেমি" সংক্রান্ত নতুন একটি কনটেন্ট তৈরী করা আছে। এখানে যাবতীয় তথ্যাদি রেক্টর, বাংলাদেশ রেলওয়ে ট্রেনিং একাডেমি, হালিশহর,চট্টগ্রাম হতে সার্বক্ষনিকভাবে সরবরাহ করতে হবে। বাংলাদেশ রেলওয়ে ট্রেনিং একাডেমী হতে একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ করতে হবে, যিনি রেলওয়ে ট্রেনিং একাডেমির যাবতীয় তথ্য ওয়েবসাইটে আপলোড করতে সমন্বয় করবেন। | ১. রেক্টর, বাংলাদেশ রেলওয়ে ট্রেনিং একাডেমি, হালিশহর, চট্টগ্রাম<br><br>২.সিএসটিই (টেলিকম) |
| ২. | বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে মেন্যু ও সেবাবক্স হালনাগাদ এর বিষয়ে আলোচনা করা হয়। | ১. পূর্বের কার্যবিবরণী অনুযায়ী বাংলাদেশ রেলওয়ে ওয়েবসাইটে প্রকাশের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর হতে যথাসময়ে হালনাগাদকৃত তথ্য নিয়মিতভাবে প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটের মেন্যু ও সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।<br><br>২. তথ্য প্রদানকারী কর্মকর্তা তথ্য হালনাগাদ করতে হবে।<br><br>৩. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ | ১. সকল দপ্তর প্রধান<br><br>২.সিএসটিই (টেলিকম)<br><br>৩. সিপিএলও<br><br>৪. পরিচালক (বাণিজ্যিক)<br><br>৫. উপপরিচালক (প্রশাসন) |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | কমিটির ত্রৈমাসিক সভার কার্যবিবরণী হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>৪. প্রকল্পসমূহের হালনাগাদ তথ্য আপলোড করতে হবে।<br><br>৫. বার্ষিক প্রতিবেদন ইত্যাদি তথ্য হালনাগাদ করতে হবে। | |
| ৩. | বাংলাদেশ রেলওয়ের ফেসবুক পেজে বিভিন্ন তথ্য প্রকাশের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১.বাংলাদেশ রেলওয়ের ফেসবুক পেজে নিয়মিতভাবে বিভিন্ন যাত্রীবান্ধব তথ্য প্রচার করতে হবে।<br>২. রেলপথ মন্ত্রণালয় হতে মাননীয় উপদেষ্টা ও সচিব মহোদয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রম প্রচার করতে হবে, যা রেলপথ মন্ত্রণালয়ের আইসিটি সেল হতে সরবরাহ করা হবে।<br>৩. মহাপরিচালক মহোদয় এর বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রম প্রচার করতে হবে। | ১.সিএসটিই (টেলিকম)<br><br>২. সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়<br><br>৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয় |
| ৪. | রেলভবনে High Speed Internet এর ব্যবস্থা বা সম্ভাব্যতা পরীক্ষার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | রেলভবনে High Speed Internet এর ব্যবস্থা বা সম্ভাব্যতা পরীক্ষা করতে হবে। | ১.সিএসটিই (টেলিকম)<br><br>২. পরিচালক (পার্সোনেল) |

৩. পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১/৭/২৫

( মীর আলমগীর হোসেন )
যুগ্ম সচিব (অডিট ও আইসিটি)
রেলপথ মন্ত্রণালয়
ও
সভাপতি, বাংলাদেশ রেলওয়ের
ওয়েবসাইট ও ফেসবুক পেজ
হালনাগাদ ও মনিটরিং কমিটি।

নথি নং-৫৪.০১.০০০০.৫০১.২৫.০০৬.২১- ১৫২৬

তারিখ: ২১.০৭.২০২৫ খ্রি:।

বিতরন: সদয় অবগতি ও কার্যার্থে:

১। যুগ্মসচিব (অডিট অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২। উপসচিব (বাজেট অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৪। সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

CamScanner